

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৬৬৬

৭/ যাকাত (كتاب الزكاة عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ মৃত ব্যক্তির পক্ষ থেকে সাদাকা করা।

باب مَا جَاءَ فِي الصَّدَقَةِ عَنِ الْمَيِّتِ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ مَنِيعٍ، حَدَّثَنَا رَوْحُ بْنُ عُبَادَةَ، حَدَّثَنَا زَكَرِيَّا بْنُ إِسْحَاقَ، حَدَّثَنِي عَمْرُو بْنُ دِينَارٍ، عَنْ عِكْرِمَةَ، عَنْ ابْنِ عَبَّاسٍ، أَنَّ رَجُلًا، قَالَ يَا رَسُولَ اللَّهِ إِنَّ أُمِّي تُؤَفِّيتُ أَفِينْفَعُهَا إِنْ تَصَدَّقْتُ عَنْهَا قَالَ " نَعَمْ " . قَالَ فَإِنَّ لِي مَخْرَفًا فَأُشْهِدُكَ أَنِّي قَدْ تَصَدَّقْتُ بِهِ عَنْهَا . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ . وَبِهِ يَقُولُ أَهْلُ الْعِلْمِ . يَقُولُونَ لَيْسَ شَيْءٌ يَصِلُ إِلَى الْمَيِّتِ إِلَّا الصَّدَقَةُ وَالِدُعَاءُ . وَقَدْ رَوَى بَعْضُهُمْ هَذَا الْحَدِيثَ عَنْ عَمْرٍو بْنِ دِينَارٍ عَنْ عِكْرِمَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مُرْسَلًا . قَالَ وَمَعْنَى قَوْلِهِ إِنَّ لِي مَخْرَفًا . يَعْنِي بُسْتَانًا .

বাংলা

৬৬৬. আহমাদ ইবনু মানী (রহঃ) ইবনু আব্বাস (রাঃ) থেকে বর্ণিত যে, জনৈক ব্যক্তি বলল, ইয়া রাসুলুল্লাহ! আমার মা ইন্তেকাল করেছেন। আমি যদি তাঁর পক্ষ থেকে সাদাকা করি তবে তা কি তার কোন উপকারে আসবে? তিনি বললেনঃ হ্যাঁ। লোকটি বলল, আমার একটি বাগান আছে। আপনাকে সাক্ষী করে এটিকে আমি তার পক্ষ থেকে সাদাকা করে দিলাম। - সহিহ আবু দাউদ ৬৫৬৬, বুখারি, তিরমিজী হাদিস নম্বরঃ ৬৬৯ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবু ইসা (রহঃ) বলেন, এই হাদিসটি হাসান। আলিমগণ এ অনুসারেই মত ব্যক্ত করেছেন। তাঁরা বলেন, সাদাকা এবং দু'আ ছাড়া মৃত ব্যক্তির নিকট কিছুই পৌঁছায় না। কেউ কেউ এই হাদিসটি আমর ইবনু দ্বীনার থেকে ইকরামা সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে মুরসাল হিসাবে রিওয়ায়াত করেছেন। مخرفা অর্থ ফল বাগান।

English

Ikrimah narrated from Ibn Abbas that :
a man said: "O Messenger of Allah! My mother died, will it benefit her if I give charity on her behalf?" He said: 'Yes.' He said: 'I have a Makhrif, so bear witness that I have given it in charity on her behalf.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=17855>

📖 হাদিসবিডি'র প্রজেক্টে অনুদান দিন